**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২০২

তারিখ: ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' এর পুরস্কার প্রদান প্রসঙ্গে।**

'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' এর পুরস্কার প্রদান অনুষ্ঠান অদ্য ১৫ জানুয়ারি ২০২৬, বৃহস্পতিবার বিকাল ০৩:৩০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে (২য় তলায়) অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। কমিশনের কমিশনারবৃন্দ, 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' এর জুরিবোর্ড সদস্যবৃন্দ, কমিশনের নির্বাহী পরিচালকবৃন্দ ও পরিচালকবৃন্দসহ আরো অনেকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার মুঃ মোহসিন চৌধুরী। তিনি অনুষ্ঠানে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে স্বাগত জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, "বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ প্রোগ্রামের মূল উদ্দেশ্য হলো দেশের পুঁজিবাজার বিষয়ে স্বচ্ছ, দায়িত্বশীল, গবেষণানির্ভর ও নৈতিক সাংবাদিকতাকে উৎসাহিত ও স্বীকৃতি প্রদান করা। এ উদ্যোগের মাধ্যমে সাংবাদিকদের পেশাগত মানোন্নয়ন, বিশ্লেষণী সক্ষমতা বৃদ্ধি, তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ এবং গণসচেতনতা সৃষ্টিকে আরও শক্তিশালী করা—এটাই এই প্রোগ্রামের লক্ষ্য। পাশাপাশি, পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং একটি জবাবদিহিমূলক ও উন্নত পুঁজিবাজার ব্যবস্থার বিকাশে সাংবাদিকদের ইতিবাচক ও গঠনমূলক ভূমিকা আরও সুসংহত করা এই উদ্যোগের অন্যতম উদ্দেশ্য।" তিনি আরো উল্লেখ করেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন গঠনমূলক, দায়িত্বশীল ও অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত করে এবং এ উদ্দেশ্যে যেসব সাংবাদিক কাজ করছেন 'বিএসইসি' সবসময় তাদের পাশে থাকবে।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। তিনি অন্যান্যের মধ্যে বলেন, "বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫" এর পুরস্কার প্রদান অনুষ্ঠানে সমবেত হয়েছি—যে উদ্যোগের লক্ষ্য শুধুমাত্র পুরস্কৃত করা নয়, বরং দায়িত্বশীল, গবেষণাভিত্তিক, নৈতিক ও প্রভাবশালী সাংবাদিকতাকে স্থায়ীভাবে উৎসাহিত করা। তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, "এই অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ কেবল অনুপ্রেরণা নয়, বরং দায়িত্ববোধ আরও শক্তিশালী করবে। আমরা চাই আপনারা আরও স্বাধীন, আরও শক্তিশালী, আরও গবেষণানির্ভর হোন। আমরা চাই গণমাধ্যম হোক পুঁজিবাজারের এক শক্তিশালী ও নৈতিক অংশীদার।বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সবসময়ই দায়িত্বশীল সাংবাদিকতার পাশে থাকবে—স্বচ্ছতা, তথ্যপ্রাপ্তি, সহযোগিতা ও জ্ঞানবিনিময়ে আমরা আগামীতেও আপনাদের সঙ্গে কাজ করতে চাই। পুঁজিবাজার উন্নয়নে আমরা যে সংস্কার, আধুনিকায়ন ও উন্নয়ন যাত্রা এগিয়ে নিচ্ছি—সেই যাত্রায় সাংবাদিকতাকে আমরা একটি শক্তিশালী সহযোদ্ধা হিসেবে দেখি। সকল আবেদনকারী সাংবাদিকদের প্রতি আন্তরিক শুভকামনা। যারা বিজয়ী হয়েছেন—তাদের অভিনন্দন। যারা হননি—তাদের প্রচেষ্টা ও অবদানও সমানভাবে মূল্যবান। আপনারাই পুঁজিবাজার সাংবাদিকতার শক্তি, আপনারাই আগামী দিনের রোল মডেল।"

এছাড়াও 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' এর সম্মানীত জুরিবোর্ড সদস্যবৃন্দ যথা: ড. এস এম শামীম রেজা (অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), আল-আমিন (সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), এস এম গোলাম সামদানী ভূঁইয়া (প্রাক্তন প্রেসিডেন্ট, ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম), মোঃ আনোয়ারুল ইসলাম (নির্বাহী পরিচালক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন) ও মোঃ রিজভী আহমেদ (ফ্যাকাল্টি গ্রেড-৪, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস) এবং প্রত্যেক ক্যাটাগরির বিজয়ী অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

পুঁজিবাজারে কর্মরত সাংবাদিকদের 'প্রিন্ট মিডিয়া', 'ইলেক্ট্রনিক মিডিয়া' ও 'অনলাইন মিডিয়া'-এই তিনটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়। প্রতিটি ক্যাটাগরিতে একজন মূল বিজয়ীর পাশাপাশি দুইজনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়। বিএসইসির চেয়ারম্যান ও কমিশনারবৃন্দ পুরস্কারপ্রাপ্তদের হাতে ক্রেস্ট ও চেক তুলে দেন। মূল বিজয়ীকে ২ লক্ষ ৫০হাজার টাকার চেক ও ক্রেস্ট এবং বিশেষ পুরস্কার প্রাপ্তদের ১ লক্ষ টাকার চেক ও ক্রেস্ট প্রদান করা হয়।

প্রিন্ট মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন আহসান হাবিব (সিনিয়র রিপোর্টার, দৈনিক ডেইলি স্টার) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন এম এ জলিল মুন্না (স্টাফ রিপোর্টার, দৈনিক ইত্তেফাক) ও আনোয়ার ইব্রাহিম (সিনিয়র রিপোর্টার, দৈনিক সমকাল)।

ইলেক্ট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন তৌহিদুল ইসলাম (সিনিয়র ব্রডকাস্ট জার্নালিস্ট, ইনডিপেন্ডেন্ট টেলিভিশন) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন মোঃ আতাউর রহমান (রিপোর্টার, এখন টেলিভিশন) ও আলমগীর হোসেন (সিনিয়র রিপোর্টার, যমুনা টেলিভিশন)।

অনলাইন মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হয়েছেন এসএম নুরুজ্জামান তানিম (সিনিয়র রিপোর্টার, রাইজিংবিডি ডট কম) এবং বিশেষ পুরস্কার পেয়েছেন মোঃ আবু সাঈদ (সিনিয়র রিপোর্টার, জাগোনিউজ টোয়েন্টিফোর ডট কম) ও এস এম এ কালাম (সিনিয়র করেসপন্ডেন্ট, বাংলানিউজ টোয়েন্টিফোর ডট কম)।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৫/০২/২০২৬

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র


BSEC Journalism Excellence Awards and Fellowship 2025
AWARD GIVING CEREMONY
NEWS


BSEC Journalism Excellence Awards and Fellowship 2025
AWARD GIVING CEREMONY
NEWS


BSEC Journalism Excellence Awards and Fellowship 2025
AWARD GIVING CEREMONY


BSEC Journalism Excellence Awards and Fellowship 2025
AWARD GIVING CEREMONY


BSEC Journalism Excellence Awards and Fellowship 2025
AWARD GIVING CEREMONY